



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০১২.২০.২৯১


তারিখঃ ১০ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ।  
২৪ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়: করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে সরকারি ছুটির দিনে কর্মস্থল ত্যাগ না করা প্রসঙ্গে।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১১০.০০.০৪০.২০-৩৪৭, তারিখ: ২৪ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের ২২.০৩.২০২০ খ্রি: তারিখের ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯-১৪২ সংখ্যক স্মারকের আলোকে করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যেকোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে সরকার কর্তৃক ঘোষিত ২৬.০৩.২০২০ হতে ০৪.০৪.২০২০ খ্রি: তারিখ পর্যন্ত ছুটি ঘোষণা করা হয়েছে। উক্ত ছুটিকালীন সময়ে পৌর এলাকা সার্বক্ষণিক পরিষ্কার পরিচ্ছন্ন রাখাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যেকোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় পৌরবাসীকে জরুরি সেবা প্রদান/সহযোগিতা করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, সরকার কর্তৃক ঘোষিত উল্লিখিত ছুটিকালীন সময়ে জরুরী সার্ভিস প্রতিষ্ঠান হিসাবে পৌর এলাকা সার্বক্ষণিক পরিষ্কার পরিচ্ছন্ন রাখাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যেকোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় পৌরবাসীকে জরুরি সেবা প্রদান/সহযোগিতা প্রদানের লক্ষ্যে সকল পৌরসভার কর্মকর্তা-কর্মচারীদেরকে কর্মস্থল ত্যাগ না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
২৪.০৩.২০২০

(মোহাম্মদ ফারুক হোসেন)

উপসচিব

☎ ৯৫১৪১৪২

মেয়র/প্রশাসক/কাউন্সিলর

-----সকল পৌরসভা

-----জেলা।

অনুলিপি:

- ০১। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপসচিব, প্রশাসন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপসচিব, পৌর-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। অফিস কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০১২.২০.২৯২

তারিখঃ ১০ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ।  
২৪ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ।

বিষয়: পৌরসভার মেয়র ও কাউন্সিলরগণকে সার্বক্ষণিক পৌর এলাকায় উপস্থিত থাকা প্রসংগে।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০১২.২০-২৭৮, তারিখ: ১৯ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের মাধ্যমে সারাদেশের সকল পৌরসভার মেয়র, সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর এবং মহিলা কাউন্সিলরগণকে পৌর এলাকায় সার্বক্ষণিক অবস্থানপূর্বক বিশ্বের বিভিন্ন দেশ হতে পৌর এলাকায় আগত বাংলাদেশী নাগরিকগণের হোম কোয়ারেন্টাইন (নিজ গৃহে সার্বক্ষণিক অবস্থান) এর ব্যবস্থা নিশ্চিতকরণসহ করোনা ভাইরাস এর সংক্রমন রোধে কার্যকরী ভূমিকা পালন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল (কপি সংযুক্ত)। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে এখনও কিছু পৌরসভার মেয়র/কাউন্সিলরগণ নিজ নিজ পৌর এলাকায় অবস্থান না করে অন্যত্র বসবাস করছেন।

০২। এমতাবস্থায়, সূত্রস্থ স্মারকে প্রদত্ত নির্দেশনা মোতাবেক (কপি সংযুক্ত) সারাদেশের সকল পৌরসভার মেয়র, সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর এবং মহিলা কাউন্সিলরগণ পৌর এলাকায় সার্বক্ষণিক অবস্থান করে বিশ্বের বিভিন্ন দেশ হতে পৌর এলাকায় আগত বাংলাদেশী নাগরিকগণের হোম কোয়ারেন্টাইন (নিজ গৃহে সার্বক্ষণিক অবস্থান) এর ব্যবস্থা নিশ্চিতকরণসহ করোনা ভাইরাস এর সংক্রমন রোধে কার্যকরী ভূমিকা পালন এবং স্থানীয় প্রশাসনকে সার্বিক সহায়তা প্রদান করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

  
১৪-০৩-২০২০  
(মোহাম্মদ ফারুক হোসেন)

উপসচিব

☎ ৯৫১৪১৪২

মেয়র/প্রশাসক/কাউন্সিলর

-----সকল পৌরসভা

-----জেলা।

অনুলিপি:

- ০১। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার (সকল)----- বিভাগ।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার (সকল) -----বিভাগ (তৌর আওতাধীন পৌরসভাসমূহের করোনা ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবেলা সংক্রান্ত কার্যক্রম মনিটরিং করার অনুরোধসহ)।
- ০৪। জেলা প্রশাসক (সকল)-----জেলা।
- ০৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। উপসচিব, প্রশাসন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। উপসচিব, পৌর-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। অফিস কপি।